

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ শাখা-১
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫ - ৬১৮

২২ অগ্রহায়ণ, ১৪২৩ বং
তারিখঃ -----
০৬ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর (Attached Department) এবং অধস্তন অফিসসমূহকে প্রদত্ত আর্থিক ক্ষমতা (অনুমোদন) পুনঃনির্ধারণ প্রসংগে।

সূত্রঃ ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫ -৩৫১(১), তারিখঃ ১৬/০৮/২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর (Attached Department) এবং অধস্তন অফিসসমূহকে প্রদত্ত আর্থিক ক্ষমতা (অনুমোদন) অর্পণ সংক্রান্ত গত ১৬/০৮/২০১৫ তারিখে জারীকৃত পুস্তিকার ৪ (ক, খ ও গ) নং ক্রমিকে বর্ণিত আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুনঃনির্ধারণ করা হলোঃ


আর্থিক ক্ষমতা অর্পণ পুস্তিকার ক্রঃ নং	আইটেম	মন্ত্রণালয়/ বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা	সংযুক্ত দপ্তর প্রধান(অধিদপ্তর/ পরিদপ্তর)-এর নিকট অর্পণকৃত ক্ষমতা	অফিসসমূহের নিকট অর্পণকৃত ক্ষমতা		
				বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ের অফিস	জেলা পর্যায়ের অফিস	উপজেলা পর্যায়ের অফিস
১	২	৩	৪	৫	৬	৭
৪।	(ক) পূর্ত কাজের ক্রয়চুক্তি অনুমোদন	প্রতি ক্ষেত্রে ১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত	প্রতি ক্ষেত্রে ৫.০০ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত	প্রতি ক্ষেত্রে ১.০০ (এক) কোটি টাকা পর্যন্ত	প্রতি ক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত	প্রতি ক্ষেত্রে ২০.০০ (বিশ) লক্ষ টাকা পর্যন্ত
	(খ) পণ্য/যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ক্রয়চুক্তি অনুমোদন	প্রতি ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত	প্রতি ক্ষেত্রে ২.০০ (দুই) কোটি টাকা পর্যন্ত	প্রতি ক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত	প্রতি ক্ষেত্রে ৩০.০০ (ত্রিশ) লক্ষ টাকা পর্যন্ত	প্রতি ক্ষেত্রে ১৫.০০ (পনেরো) লক্ষ টাকা পর্যন্ত
	(গ) বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক) ক্রয়চুক্তি অনুমোদন	প্রতি ক্ষেত্রে ২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত	প্রতি ক্ষেত্রে ১.০০ (এক) কোটি টাকা পর্যন্ত	শূন্য	শূন্য	শূন্য

নোট; (১) পূর্ত কাজ সম্পাদন সংক্রান্ত ক্রয়চুক্তি অনুমোদনের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে, পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়চুক্তি অনুমোদনের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) ক্রয়চুক্তি ক্ষেত্রে ২০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

(২) পূর্ত কাজ, পণ্য ক্রয় এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাভিত্তিক সেবা ক্রয় এবং আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ মডেলে আর্থিক ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules -2008 অনুসৃত হবে।

(অঃ পৃঃ দ্রঃ)

- ২। সূত্রে উল্লেখিত পরিপত্রে বর্ণিত অন্যান্য আর্থিক ক্ষমতা এবং বিষয়াবলী অপরিবর্তিত থাকবে।
- ৩। পুনঃনির্ধারিত হার অবিলম্বে কার্যকর হবে।


০৬/১২/২০১৬
(তহমিনা বেগম)

অতিরিক্ত সচিব (ব্যয় নিয়ন্ত্রণ)
ফোনঃ ৯৫১১০৩১

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৫। সদস্য বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
- ৬। হিসাব মহা নিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স / অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
- ৭। বিভাগীয় প্রধান (সকল)।
- ৮। অর্থবিভাগের সকল কর্মকর্তা।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

নং- ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫ - ৬১৮

২২ অগ্রহায়ণ, ১৪২৩ বং
তারিখঃ -----
০৬ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় অর্থ মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ২। মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।


(ফয়েজ আহমেদ)
সিনিয়র সহকারি সচিব
ফোনঃ ৯৫৭৬০৩৬